গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

## দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা শিবচর উপজেলার জন্মগত পেশাদার পাটনীগণ ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলার নিম্নবর্ণিত খেয়াঘাট সমূহ ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নির্ধারিত ফরমে ও সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী পেশাদার পাটনীসহ নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক অফিস চলাকালে নির্ধারিত মূল্য পরিশোধ পূর্বক দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর; নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়; সহকারী কমিশনার (ভূমি), শিবচর এর কার্যালয়; মাদবরেরচর, বাঁশকান্দি, কাঁঠালবাড়ি ও বন্দরখোলা ইউনিয়ন পরিষদ কার্যালয়, শিবচর, মাদারীপুর হতে ক্রয় করতে পারবে। দরপত্রসমূহ নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক নিম্নস্বাক্ষরকারী কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এঁর রক্ষিত টেন্ডারবাক্সে দাখিল করতে হবে।

### খেয়াঘাটের বিবরণ

| ক্রমিক নং | খেয়াঘাটের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩৩ সালের সম্ভাব্য ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | মাদবরেররচর ফেরীঘাট/খেয়াঘাট | মাদবরেরচর | ১২,৪৮,১৪২/- | ১০০০ |
| ২ | শেখপুর খেয়াঘাট | বাঁশকান্দি | ৩৫,৭৫০/- | ৫০০ |
| ৩ | চরচান্দ্রা নৌকা ঘাট | কাঁঠালবাড়ি | ৭৮,৯৪৩/- | ৫০০ |
| ৪ | কাজীসুরা ট্রলারঘাট | বন্দরখোলা | ৫৫,০০০/- | ৫০০ |

### দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি

| বিবরণ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র গ্রহণের শেষ তারিখ | দরপত্র গ্রহণের সময় | | দরপত্র খোলার সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | হতে | পর্যন্ত | | |
| ১ম | ০৯.০৩.২০২৬ | ১০.০৩.২০২৬ | সকাল ০৯.০০ | দুপুর ১২.০০ | বিকাল ০৩.০০ | উল্লেখ্য, ক্যালেন্ডারের যে কোন পর্যায়ে বর্ণিত যে কোন খেয়াঘাটের অনুকূলে দাখিলকৃত দর গ্রহণযোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত খেয়াঘাটের দরপত্র ইজারা বিজ্ঞপ্তি হতে বাদ হয়েছে মর্মে গণ্য হবে। |
| ২য় | ১৮.০৩.২০২৬ | ১৯.০৩.২০২৬ | সকাল ০৯.০০ | দুপুর ১২.০০ | বিকাল ০৩.০০ | |
| ৩য় | ২৪.০৩.২০২৬ | ২৫.০৩.২০২৬ | সকাল ০৯.০০ | দুপুর ১২.০০ | বিকাল ০৩.০০ | |
| ৪র্থ | ৩০.০৩.২০২৬ | ৩১.০৩.২০২৬ | সকাল ০৯.০০ | দুপুর ১২.০০ | বিকাল ০৩.০০ | |

### ইজারার শর্তাবলী

১। ইজারা প্রদানের মেয়াদ বাংলা ১৪৩৩ সনের (বৈশাখ-চৈত্র) ৩০ চৈত্র পর্যন্ত।

২। দরদাতাকে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ যে কোন সিডিউল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মারফত নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে সিডিউলের সাথে জমা প্রদান করতে হবে যা ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ইজারা গ্রহীতা নিয়মিত খেয়াঘাট পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন এবং খেয়া পারের লোকজন যাতে স্বাচ্ছন্দে খেয়ায় উঠতে ও নামতে পারে তার সুব্যবস্থা নিশ্চিৎ রাখবেন।

৩। দরপত্রে উল্লিখিত মূল্য অংকে এবং কথায় পরিস্কার ভাবে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ওভাররাইটিং হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। যার দর অনুমোদিত হবে তাকে অনুমোদনের পর পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ এককালীন জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ পরিশোধে ব্যর্থ হলে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করণসহ খেয়াঘাটটি পুনরায় ইজারা প্রদান করা হবে।

৫। ইজারাদারকে ইজারা মূল্যের ১০% হারে আয়কর এবং ১৫% (পনের) হারে ভ্যাট প্রদান করতে হবে। উক্ত অর্থ পরিশোধ না করা পর্যন্ত খেয়া ঘাটের দখল হস্তান্তর করা হবে না।

৬। ১ম পর্যায়ে পেশাদার পাটনী/পাটনীদের দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং ১ম পর্যায়ের দর সম্ভাব্য মূল্যের কম অর্থাৎ সন্তোষজনক না হলে পরবর্তীতে সকলের জন্য উন্মুক্ত দরপত্র আহবান করা হবে।

৭। গৃহীত দরের সাকুল্য অর্থ (ভ্যাট, আয়করসহ) জমাদানের পর দরদাতাকে নিজ খরচে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

CS CamScanner

৮। এক খেয়াঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য খেয়াঘাটের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না এবং একদফার দরপত্র পরবর্তী দফায় আহবানকৃত খেয়াঘাটের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৯। খামের উপর স্পষ্টাক্ষরে দরপত্রদাতার নাম, ঠিকানা ও খেয়াঘাটের নাম উল্লেখ করতে হবে।

১০। ইজারাদার কর্তৃপক্ষের অনুমোদিত হারের অতিরিক্ত টোল আদায় করতে পারবে না। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে টোল আদায়ের রেটের একটি তালিকা খেয়া ঘাটের প্রকাশ্য স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টাঙ্গিয়ে রাখতে হবে।

১১। খেয়াঘাট ইজারা সম্পর্কে কোন অভিযোগ থাকলে দরপত্র অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে তা দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর ইজারা প্রদান সংক্রান্ত সকল অভিযোগ অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১২। ইজারাদার নিজ খরচে খেয়া পারের সকল যাত্রীদের জন্য মন্তব্য রেজিস্টার সংরক্ষণ করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের পরিদর্শন কালে তা প্রদর্শন করতে বাধ্য থাকবেন।

১৩। ইজারাদার কোন ক্রমেই খেয়াঘাট অন্যের নিকট সাব-লীজ প্রদান করতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ করা হয় বা চুক্তির শর্ত ভঙ্গ করা হয় তবে খেয়া ঘাটের ইজারা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। পেশাদার পাটনীদের ক্ষেত্রে পাটনী সম্বলিত সনদ/কাগজপত্রাদি দরপত্রের সাথে আবশ্যিকভাবে জমা দিতে হবে।

১৫। কর্তৃপক্ষ কর্তৃক কোন নতুন কর বা শর্ত আরোপিত হলে ইজারা গ্রহীতা তা পরিশোধ করতে বা মানতে বাধ্য থাকবেন।

১৬। নিম্নস্বাক্ষরকারীসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/০২/২৬

এইচ. এম. ইবনে মিজান
উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।

নম্বর: ০৫.৪১.৫৪৮৭.০০০.০০০.০৬.০০০৬.২৬- ৯১

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩২ / ২২ ফেব্রুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, মাদারীপুর। (অনুলিপি বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:)

৩। পুলিশ সুপার, মাদারীপুর।

৪। সিভিল সার্জন, মাদারীপুর।

৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।

৬। প্রশাসক, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৭। প্রশাসক, শিবচর পৌরসভা, মাদারীপুর।

৮। সহকারী কমিশনার (ভূমি), শিবচর, মাদারীপুর।

৯। উপজেলা .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. অফিসার, শিবচর, মাদারীপুর।

১০। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান.. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর।

১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস। তাকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে সংশ্লিষ্ট খেয়াঘাট এলাকায় এবং হাট-বাজারসহ সকল রাস্তায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

২২/০২/২৬

এইচ. এম. ইবনে মিজান
উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।

CamScanner